Boighar.com

CHAPTER

# 12 Inversions

Subject ও Verb-এর স্বাভাবিক ধারাবাহিকতা উল্টে গিয়ে যখন বাক্য auxiliary verb + subject + মূল verb— এই গঠনে আসে তখন তাকে Grammar-এর পরিভাষায় inversion বলে। Inversion-এর একটি সরল উদাহরণ হলো interrogative sentence। কিন্তু শুরুতে প্রধানত adverbial phrase-কে অধিক গুরুত্বারোপ (emphasis) করার জন্য inversion ব্যবহৃত হয়ে থাকে। ইংরেজিতে কম-বেশি ১৮ প্রকারের inversion থাকলেও এখানে পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ প্রকারগুলো আলোচনা করা হলো।

**বাক্যের শুরুতে নিম্নোক্ত উপাদানগুলো আসলে Inversion হয়ে থাকে :**

**12.1 Negative Adverbs : বাক্যের শুরুতে নিম্নোক্ত নেতিবাচক adverbs/adverbials আসলে বাক্যটি <u>inverted</u> হয় :**

Hardly, scarecly, rarely, barely, seldom, never, never before, never again, nowhere, no sooner, by no means, at no time, not one, not once, not until, not only, not till, little, not for a moment, under no circumstances, in no way, on no account etc. এগুলো বাক্যের শুরুতে বসলে auxiliary verb, subject-এর পূর্বে বসে। Auxiliary verb না থাকলে do, does, did বসবে।

▶ **Rarely — anyone using typewriters now-a-days.** রাজশাহী বিশ্ববিদ্যালয় আইন অনুষদ ২০১১-১২

ⓚ you see ⓚh will you see √
ⓖ you will see ⓖh you have seen

▶ **— received law degrees as today.** রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন) ২০০৫-০৬, বরিশাল বিশ্ববিদ্যালয় ডি ২০১২-১৩

ⓚ Never so many women have ⓚh Never have so many women √
ⓖ The women aren't ever ⓖh Women who have never

▶ **— but also it filters out harmful rays.** জগন্নাথ বিশ্ববিদ্যালয় ২০০৬-০৭

ⓚ The atmosphere gives us air to breathe
ⓚh Not only the atmosphere gives us air to breathe
ⓖ The atmosphere which gives us air to breathe
ⓖh Not only does the atmosphere give us air to breathe √

▶ **— have goods returned to us because they are faulty.** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ই ইউনিট ২০০৫-০৬

ⓚ Seldom we do ⓚh Seldom do we √
ⓖ Seldomly we do ⓖh Rarely we
ⓤ Hardly we

www.boighar.com

▶ **Hardly — entered the office when he realized that he had forgotten his wallet.** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ডি ইউনিট ২০১২-১৩

ⓚ he had ⓚh he was
ⓖ had he √ ⓖh did he

**12.2 After Adverbial Expressions Beginning with 'Only' :**

Only if, only when, only because, only after, only until, only at, only in, only on, only once, only recently, only by, only since, only then, only later etc বাক্যের শুরুতে আসলে inversion হয়।

বি: দ্র : উপর্যুক্ত Expression গুলো বাক্যের শুরুতে আসলে উক্ত বাক্যের principal clause-এ inversion হয়।

▶ **— did Arthur realize that there was a danger.** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বি ইউনিট ২০০৬-৭; বি ১ ২০১২-১৩; বি ২০১৩-১৪

ক Upon entering the store
খ When he entered the store
গ After he had entered the store
ঘ Only after entering the store √

▶ **Complete the sentence : Only after food has been dried or canned —** শাহজাহালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বি ইউনিট ২০০৮-০৯

ক that it should be stored for later consumption.
খ should be stored for later consumption.
গ should it be stored for later consumption. √
ঘ it should be stored for later consumption.

**12.3 Inversion with Conditional : Conditional sentence-এ if-কে বাদ দিয়ে auxiliary verb শুরুতে এনে inversion করা হয়। যেমন—**

▶ **— resigned, we would have been forced to sack him.** ঢাকা বিশ্ববিদ্যালয় ২০১২-১৩

ক Had he not √ খ He had
গ Had he ঘ If he has not

**Hints :** *মূলত বাক্যটি ছিল If he had not resigned, — if-কে বাদ দিয়ে auxiliary had-কে subject-এর পূর্বে এনে inversion করা হয়েছে। বলা বাহুল্য এটি কোনো প্রশ্নবোধক বাক্য নয়।*

| | |
|---|---|
| Conditional | If I were rich, I would help the poor. |
| Inversion | Were I rich, I would help the poor. |
| Conditional | If you decide to sell the house, I will be happy to buy it. |
| Inversion | Should you decide to sell the house, I will be happy to buy it. |

বি : দ্র : এখানে should-এর ব্যবহার একটি inversion.

**12.4 Inversion with 'as' :**

▶ Rina was too shy to dance, <u>as was Runa</u>.

▶ She decided to leave early, <u>as did Rita</u>.

**12.5 So am I, So do I : বিশেষত Spoken English-এর ক্ষেত্রে ২য় বক্তা ১ম বক্তার অনুরূপ ইতিবাচক বক্তব্যের ক্ষেত্রে এই inversion ব্যবহৃত হয়। সাধারণ বাক্যের ক্ষেত্রেও এরূপ হতে পারে, তবে তখন ২য় অংশের পূর্বে একটি and যুক্ত করা হয়।**

www.boighar.com

**Speaker 1 :** 'I am a student.' (আমি একজন ছাত্র)

**Speaker 2 :** 'So am I' (আমিও তো ছাত্র)

**Speaker 1 :** 'I play football.' (আমি ফুটবল খেলি)

**Speaker 2 :** 'So do I' (আমিও তো খেলি)

**Speaker 1 :** ' I went home.' (আমি বাড়ি গিয়েছিলাম)

বইঘর.কম

**Speaker 2 :** 'So did I.' (আমিও তো গিয়েছিলাম)

He **likes** coffee and **so does** Rana.

▶ **You like chocolate—** — চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ই ইউনিট ২০০৯-১০

ⓚ and me too ⓚh and I too
ⓖ and also ⓖh and so do
ⓤ and so do I √

(ক) and me too (খ) and I too (গ) and also (ঘ) and so do (ঙ) and so do I √

▶ **Times have changed and so —** — বাংলাদেশ রেলওয়ের উপসহকারী প্রকৌশলী ২০১৩

(ক) we have (খ) we are (গ) have we √ (ঘ) are we

▶ **My *half*-brother visited Cox's Bazar a couple of weeks ago, and—** — চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ডি ইউনিট ২০১২-১৩

(ক) so I did (খ) so I was (গ) so I had (ঘ) so do I (ঙ) so did I √

▶ **I can remember all their names and so — my sister.** — খুলনা বিশ্ববিদ্যালয় জীব বিজ্ঞান স্কুল ২০১১-১২

(ক) can √ (খ) does (গ) might (ঘ) may

12.6 **Neither do I, Nor do I : প্রধানত Spoken English-এর ক্ষেত্রে ১ম বক্তার নেতিবাচক বক্তব্যের উত্তরে ২য় বক্তার নেতিবাচক উত্তরে এই inversion হয়। এক্ষেত্রে যদি inversion না হয় তাহলে ২য় বক্তার বক্তব্য Subject + negative + either— এই গঠনে হবে।**

▶ **'I don't like coffee' '— do I'** — চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বি১ ইউনিট ২০১১-১২

(ক) so (খ) so as (গ) either (ঘ) not (ঙ) neither √

▶ **I can't ride a bike. B : —.** — ইসলামী বিশ্ববিদ্যালয় বি ইউনিট ২০১১-১২

(ক) Neither can't I (খ) So can't I (গ) Neither can I √ (ঘ) So can I

▶ **He didn't know the answer, and —.** — শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ২০০৬-০৭

(ক) neither did he √ (খ) he did'nt too (গ) nor does he (ঘ) he does not either

▶ **Peter can't go and I can't —** — বাংলাদেশ রেলওয়ের উপসহকারী প্রকৌশলী ২০১৩

(ক) neither (খ) too (গ) also (ঘ) either √

 বইঘর.কম

▶ Runa can't type well, and her sister—. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বি২ ইউনিট ২০১২-১৩

ⓚ can either ⓚ also
ⓖ neither can ⓖ either can't
ⓤ can't either √

12.7 **So/such + adj/adv — that :**

▶ **So strong <u>was the wind</u> that we couldn't open the window.**

▶ **So quickly <u>did he run</u> that the others couldn't catch up with him.**

▶ **So quickly — he reached home on time.** জগন্নাথ বিশ্ববিদ্যালয় সি ইউনিট ২০১৪-১৫

ক he ran as খ he ran that
গ did he run that √ ঘ would he run that

12.8 **Inversion after adjective : বাক্যের শুরুতে adjective আসলে তাতে inversion হয়।**

▶ **Sweet — the uses of adversity.** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় আই ইউনিট ২০১৩-১৪

ক is খ are √
গ has ঘ have
ঙ had

12.9 **After Adverbial phrase of place :**

▶ **Round the corner, came the postman.**

▶ **On the doorstep, was a bunch of flowers.**

▶ **On the table, was all the money we had lost.**

বি: দ্র: এই Inversion এ do, does, did বসে না।

12.10 **After Here and There : বাক্যের শুরুতে Here বা There আসলে বাক্যে inversion হয়।**

▶ **Here comes the bus!**

বি: দ্র: Subject pronoun হলে inversion হয় না। যেমন– Here he goes.

www.boighar.com

# THE REAL TEST 12

## PSC & Other Exams' Questions

01. **Times have changed and so—**

৺ ১২তম সহকারী জজ ২০১৮; জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা ২০১৬ উত্তর : ঘ

ⓚ I have ⓚh I had
ⓖ Had I ⓖh Have I

**Hints :** *Affirmative statement-এর ক্ষেত্রে যদি have verb main clause-এ ব্যবহৃত হয় তাহলে and এর পর structure হবে so + have + sub । সুতরাং প্রদত্ত শূন্যস্থানে have I বসবে।*

02. **Rarely — seen from water.**

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা অধিদপ্তরের পরিসংখ্যান কর্মকর্তা ২০১৭ উত্তর ঘ

ⓚ spotted frogs ⓚh spotted frogs have
ⓖ have spotted frogs ⓖh are spotted frogs

**Hints :** *Rarely (negative adverb) বাক্যের শুরুতে থাকলে সে ক্ষেত্রে auxiliary verb সর্বদা subject এর পূর্বে বসে। পানির উপর থেকে ডোরাকাটা ব্যাঙগুলো দেখা যায় না বললেই চলে। প্রশ্নোক্ত বাক্যে দেখার কাজটি মানুষ বা অন্য কোনো প্রাণী করে। তাই বাক্যটি passive এ হবে। অপশন (গ) তে have subject এর পূর্বে থাকলেও বাক্যটি passive নয়। সুতরাং সঠিক উত্তর (ঘ) are spotted frogs।*

03. **Never — such a heinous crime.**

পোস্ট মাস্টার জেনারেল (পূর্বাঞ্চল, চট্টগ্রাম)-এর কার্যালয়ের পোস্টাল অপারেটর ২০১৬ উত্তর ঘ

ⓚ he has committed ⓚh has he done
ⓖ he has done ⓖh has he committed

**Hints :** *Inversion of verb-এর নিয়ম অনুযায়ী Never সর্বদাই 'verb' দ্বারা অনুসৃত হবে। সুতরাং সঠিক উত্তর (ঘ)। 'Crime' এর জন্য verb হিসেবে commit ব্যবহৃত হয়।*

## Govt. & Private Bank Questions

01. **Not often — fatal today, but immediate medical attention is essential.**

One Bank Ltd. Special Cadre Officer (SCO) 2018 উত্তর ঘ

ⓚ a rattlesnake bit's
ⓚh by a rattlesnake's bite
ⓖ a rattlesnake bit is
ⓖh is a rattlesnake bite

**Hints :** *Not often, not only, rarely ইত্যাদি negative particle বাক্যের শুরুতে বসলে irversion হয়। সুতরাং শূন্যস্থানের জন্য যথাযথ অংশ is a rattlesnake bite।*

02. **He did not know the answer and I did not neither.**

Uttara Bank Ltd. Assistant Officer (Cash) 2017 উত্তর খ

ⓚ and either did I ⓚh and neither did I
ⓖ and neitter have I ⓖh and either did have

**Hints :** *Negative agreement (I did not know the answer) এর ক্ষেত্রে and + subject + auxiliary verb এর negative form + either অথবা and + neither + auxiliary verb + subject হয়। অপশন (ক)-তে either এরপর auxiliary verb এর negative form (didn't) না থাকায় তা সঠিক নয়। সঠিক form হলো and neither did I।*

 বইঘর.কম

## University & Medical Questions

**01. Kamal and his brother studied General History last year, and so — .** চবি 'B-1' ইউনিট ২০১৯-২০ উত্তর : গ

ⓚ does their sister ⓚ has their sister
ⓖ did their sister ⓖ is their sister

**Hints :** *Affirmative বাক্যের agreement-এর structure : so + tense অনুযায়ী auxiliary verb + sub । যেহেতু and পূর্ববর্তী clause টি past tense-এ । সুতরাং সঠিক expression হলো did their sister ।*

**02. My family members do not like coffee, and — .** চবি 'B-1' ইউনিট ২০১৯-২০ উত্তর : খ

ⓚ I don't well ⓚ neither do I
ⓖ neither don't I ⓖ either don't I

**Hints :** *Negative বাক্যের ক্ষেত্রে agreement-এর structure neither + positive auxiliary (tense অনুযায়ী) + sub । সুতরাং সঠিক expression হলো neither do I ।*

**03. Only after entering the bedroom — .** চবি 'B-1' ইউনিট ২০১৯-২০ উত্তর : ঘ

ⓚ he was the strange figure ⓚ he has seen the strange figure
ⓖ did he saw the strange figure ⓖ did he find the stranger

**Hints :** *Only after, only when, only until, only if ইত্যাদি বাক্যের শুরুতে থাকলে auxiliary verb বাক্যের শুরুতে এনে inversion করতে হয় ।*

**04. Hardly — I shut the door when the telephone rang.** চবি 'ডি' ইউনিট ২০১৯-২০ উত্তর : ঘ

ⓚ have ⓚ did ⓖ could ⓖ had

**Hints :** *Hardly had + sub + verb-এর p.p — when + sub + past indefinite tense হলো সঠিক বাক্যের sequence । সুতরাং সঠিক verb form হলো had ।*

**05. Choose the correct sentence from below.** বশেমুরবিপ্রবি ইউনিট D ২০১৯-২০ উত্তর : খ

ⓚ Never I have understands less than men.
ⓚ Never have I understood less than men.
ⓖ Never having I understood less than men.
ⓖ I have never understanding less than men.

**06. Only then — what she meant** কুবি ইউনিট সি ২০১৮-১৯ উত্তর : খ

ⓚ I understand ⓚ did I understand
ⓖ I was understood ⓖ I had understood

**Hints :** *Only then, hardly, scarcely, seldom ইত্যাদি adverbial phrase বা word বাক্যের শুরুতে বসলে auxiliary verb sub-এর পূর্বে বসে । সুতরাং শূন্যস্থানের সঠিক expression হলো did I understand ।*

**07. Seldom — understand her fault while talking to others.** বশেমুরবিপ্রবি ইউনিট F ২০১৮-১৯ উত্তর : খ

ⓚ she could ⓚ could she
ⓖ had she ⓖ she had

**08. They are engrossed in studies and —— .** চবি ইউনিট A (বিকাল) ২০১৮-১৯ উত্তর : গ

ⓚ so do I ⓚ so I am ⓖ so am I ⓖ so did I

**Hints :** *Affirmative agreement-এর ক্ষেত্রে so + auxiliary verb হলো সঠিক sequence । সুতরাং শূন্যস্থানে so am I বসবে ।*

www.boighar.com

**09. Rajshahi relies heavily on income from fruit crops, — .**

চবি ইউনিট D (সকাল) ২০১৮-১৯ উত্তর ঘ

ⓚ and so is Dinajpur ⓚ and so are other districts
ⓖ and so is Chittagong ⓖ and so does Dinajpur

**Hints :** *Agreement-এর ক্ষেত্রে প্রথম clauseটি যে tense-এ আছে পরবর্তী clauseটিও সেই tense এ হবে। আর and so-এর পরে ঐ tense-এর auxiliary verb এবং ঠিক তারপরই sub বসবে। সুতরাং শূন্যস্থানের জন্য সঠিক expression হলো and so does Dinajpur।*

**10. In no way — .**

চবি ইউনিট D (বিকাল) ২০১৮-১৯ উত্তর ঘ

ⓚ we can justify militancy
ⓚ we cannot justify militancy
ⓖ can we justified militancy
ⓖ can we justify militancy

**Hints :** *'In no way' adverbial phrase বাক্যের পূর্বে বসলে model auxilary verbটি subject-এর পূর্বে চলে আসে। সুতরাং প্রদত্ত বাক্যটির শূন্যস্থানের জন্য যথাযথ expression হলো can we justify militancy। অন্যদিকে (গ) ভুল কারণ can এরপর verb-এর base form হয়।*

**11. You like chocolate—**

জাককানইবি ইউনিট ডি ২০১৮-১৯ উত্তর গ

ⓚ and me too. ⓚ and too.
ⓖ and so do I. ⓖ and I do.

**Hints :** *Affirmative agreement-এর ক্ষেত্রে structure হলো : And + so + পূর্বের tense অনুযায়ী auxiliary verb + sub। সুতরাং সঠিক উত্তর and so do I।*

**12. No sooner — I shut the door, when the telephone rang.**

চবি ইউনিট D ২০১৭-১৮ উত্তর ক

ⓚ had ⓚ did ⓖ will ⓖ would

**Hints :** *No sooner একটি negative adverb যা কোনো বাক্যে ব্যবহৃত হলে ঐ বাক্যের subject (I) এর পূর্বে auxiliary verb বসে। যেহেতু দ্বিতীয় clause টি past indefinite tense-এ সেহেতু প্রথম clauseটি past perfect tense-এ হবে। তাই শূন্যস্থানে had বসবে।*

**13. A good number of adolescents do not socialize, — .**

চবি ইউনিট D ২০১৭-১৮ উত্তর গ

ⓚ they neither build up their career
ⓚ nor they build up their career
ⓖ nor do they build up their career
ⓖ hardly they build up their career

**Hints :** *বাক্যে অতিরিক্ত জোর প্রদান করতে মাঝে মাঝে কিছু negative adverb বাক্যের শুরুতে বসে। সেক্ষেত্রে বাক্যের গঠন ভিন্ন হয়। Negative adverb + auxiliary verb + subject + verb + obj হয়। Negative adverb এর ব্যবহার অনুযায়ী (গ) অপশনের বাক্য ব্যতীত বাকি তিনটি অপশনের বাক্যই ভুল।*

**14. Most students don't like homework and —.**

চবি ইউনিট সি₁ ২০১৬-১৭ উত্তর ক

ⓚ neither do I ⓚ I do not too
ⓖ neither don't I ⓖ eighter I don't
ⓤ I either don't

**Hints :** *'Verb' এর inversion এর ক্ষেত্রে neither + positive auxiliary verb + subject– structure- টি অনুসৃত হবে।*